গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১-স-১৪২/২০০৩ তাং-----------/১৪২৭ /২০২০

বিষয়ঃ জনাব সমাপ্তি সমদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি কে সরকারী দায়িত্ব পালনে অক্ষম ঘোষনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং-সিএস/ঝাল/মেঃটিম/২০১৯/১৭৪৬/১(৫)তারিখ ২১/১১/২০১৯ মোতাবেক এ অধিদপ্তর অবগত হয় যে, জনাব সমাপ্তি সমদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি কে অসুস্থতাজনিত কারণে ৩১.১০.২০১৯ তারিখ হতে সরকারী দায়িত্ব পালনে অক্ষম ঘোষনা করা হয়।

২। বর্ণিত কর্মকর্তাকে অক্ষম ঘোষনার প্রস্তাবের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সমাপ্তি সমাদ্দার, স্টাফ নার্স এর নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রেরণ পূর্বক অবহিত করা হয়েছে কিনা সে বিষয়ে স্পষ্টীকরণ প্রয়োজন; যেহেতু জনাব সমাপ্তি সমদ্দার একজন স্টাফ নার্স অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা; তার নিয়োগকারী কর্তৃপক্ষ সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। জনাব সমাপ্তি সমদ্দার কর্তৃক ২৩.০২.২০২০ তারিখে এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদন পত্রে উল্লেখ করা হয়েছে যে, তাকে অক্ষম ঘোষনার পরে তার বেতনভাতা বন্ধ করে দেয়া হয়েছে।

৪। এমতাবস্থায় জনাব সমাপ্তি সমদ্দার, স্টাফ নার্স, সদর হাসপাতাল, ঝালকাঠি কে সরকারী দায়িত্ব পালনে অক্ষমতা ঘোষনার কাগজপত্র তার নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রেরণপূর্বক অবহিত করা হয়েছে কিনা সে বিষয়ে এবং কোন বিধি অনুযায়ী জনাব সমাপ্তি সমদ্দার এর বেতনভাতা বন্ধ রাখা হয়েছে সে বিষয়ে স্পষ্টীকরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শোভা শাহনাজ
পরিচালক (শৃংখলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪

সিভিল সার্জন
ঝালকাঠি।

নং- ডিজিএনএম/শা-১/১-স-১৪২/২০০৩ -৪৫/১(৭) তাং- ১১/০২/১৪২৭ 28/05/২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। অতিরিক্ত সচিব, (নার্সিং ও মিডওয়াইফারি) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। পরিচালক, (স্বাস্থ্য) বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, ঝালকাঠি।
৬। মহাপরিচালকএর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। উপপরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

28/5/2020
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬১.১৯-

/১৪২৭
তাং-----------------
০৬/২০২০

## অফিস আদেশ

জনাব লতা রানী রায় (পিতা ঃ অনিল চন্দ্র রায়), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডোমরা, নীলফামারী এর বিরুদ্ধে নিয়ম বর্হিভূত ও অনৈতিকভাবে হাসপাতালের রেজিষ্ট্রারে একই রেজিষ্ট্রেশন নম্বরে দুইজন রোগী ভর্তি দেখানো এবং ডাইট প্রদান করার কাজের সাথে জড়িত থাকার অভিযোগ উত্থাপিত হওয়ার কারণে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ২৪/১২/২০১৯ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৬.২৭.০৬১.১৯-৪৮৯ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয়। তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ০২/০১/২০২০ খ্রিঃ তারিখের ১১ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন। যা সন্তোষজনক নয়।

২। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগ সরজমিনে তদন্তের জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তার সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলো।

**তদন্ত কর্মকর্তা ঃ**

| | | |
|---|---|---|
| ০১। | জনাব মোছাম্মৎ ফাহিমা পারভীন, জেলা পাবলিক হেলথ নার্স, নীলফামারী। | - আহবায়ক |
| ০২। | জনাব কল্পনা রানী দাস, নার্সিং সুপারভাইজার, সদর হাসপাতাল, নীলফামারী। | - সদস্য |
| ০৩। | জনাব নিলীমা রানী দাস, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, নীলফামারী। | -সদস্য সচিব |

তদন্ত কমিটি আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জনাব লতা রানী রায় (পিতা ঃ অনিল চন্দ্র রায়), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডোমরা, নীলফামারী এর বিরুদ্ধে অভিযোগটি তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন এ অধিদপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(সালেহা পারভীন)
উপ-পরিচালক (শৃঙ্খলা)
মহাপরিচালকের পক্ষে
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৬১.১৯-৪৬/৫(০৯)

১১/০৩ /১৪২৭
তাং-----------------
২৫/০৬/২০২০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষন ঃ অতিরিক্ত সচিব, নার্সিং ও মিডওয়াইফারি ।
০২। পরিচালক (শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
০৩। সিভিল সার্জন, নীলফামারী।
০৪। জনাব মোছাম্মৎ ফাহিমা পারভীন, জেলা পাবলিক হেলথ নার্স, নীলফামারী।
০৫। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,ডোমরা, নীলফামারী।
০৬। জনাব নিলীমা রানী দাস, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট,নীলফামারী।
০৭। জনাব কল্পনা রানী দাস, নার্সিং সুপারভাইজার, সদর হাসপাতাল, নীলফামারী।
০৮। উপ-পরিচালক, পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা(এ পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
০৯। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২৫/৬/2020
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা